

দহন

অহেতুক শ্যামরাত্রি, অবুঝ পাতার হাতছানি
ঝড় নিয়ে মাঝে মাঝে ঢুকে পড়ে ভিতরের ঘরে
আমি তার লাভ্য কি দহনের কতটুকু জানি
সারাদিন যদি কাটে শস্যকণা, গান ভিক্ষে করে।

অথচ নিষিন্তবেলা ঘরবাড়ি ছুঁয়ে গেছে কবে
তার ছিন্ন যাত্রাপথ বাতাসের কিছু কাছাকাছি
আমাকে টুকরো করে নিয়ে গেছে বিষন্ন নীরবে
দেখে আমি ধুলোপথে কতভাবে ভেঙে পড়ে আছি।

অহেতুক শ্যামরাত্রি, অবুঝ পাতার হাতছানি !
অমি তার লাভ্য কি দহনের কতটুকু জানি !

সন্তোষমুখোপাধ্যায়

